# তথ্য জানার অধিকার আইন ২০০৫

ভারত সরকার ২০০৫ সালে তথ্য জানার অধিকার আইন ২০০৫ টি গ্রহণ করে। জম্মু এবং কাশ্মীর বাদে সমগ্র ভাৰতবর্ষে এই আইন প্রযোজ্য। এই আইনের মাধ্যমে যে কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান থেকে তথ্যসমূহ পেতে পারি।

**তথ্য মানে কি ?**

তথ্য মানে নথি পত্র, দলিল, স্মারক, ই-মেইল, জনমত, পরামর্শ, প্রেস বিজ্ঞপ্তি, বিজ্ঞাপন, নির্দেশ, লগবুক, চুক্তি, প্রতিবেদন, কাগজ পত্র, নমুনা, যে কোন ইলেক্ট্রনিক মাধ্যমে থাকা তথ্য।

**তথ্য জানার অধিকার মানে কি ?**

- কাম-কাজ, দলিল, নথি পত্র পরীক্ষা করা।
- দলিল বা নথি পত্রের টীকা, প্রত্যায়িত প্রতিলিপি গ্রহণ করা।
- প্রিণ্ট আউট, ডিস, কেসেটের ৰূপে থাকা তথ্য বা অন্য যে কোন ইলেক্ট্রনিক মাধ্যম বা প্রিণ্ট আউটের দ্বারা তথ্য লাভ করা।

**কি কি তথ্য প্রকাশ করা যায় না ?**

- যে সব তথ্য প্রকাশ করলে ভারতের সার্বভৌমত্ব এবং অখণ্ডতা, রাষ্ট্রের সুরক্ষা, সামরিক কলা কৌশল, রাষ্ট্রের বৈজ্ঞানিক বা অর্থনৈতিক স্বার্থ, অন্য রাষ্ট্রের সঙ্গে সম্বন্ধ বিঘ্নিত হতে পারে বা অপরাধ সংঘটিত করার ক্ষেত্রে প্ররোচিত করতে পারা তথ্য।




- যে সব তথ্য প্রকাশে সংসদ বা রাজ্যিক বিধান সভার বিশেষ অধিকার ভঙ্গ করতে পারে।
- অপরাধীর বিরুদ্ধে চলা তদন্ত, গ্রেপ্তার বা মোকদ্দমা ইত্যাদি প্রক্রিয়ায় বাধা দিতে পারা তথ্য।
- মন্ত্রী পরিষদ, সচিব এবং অন্যান্য বিষয়াবর্গের আলোচনার নথি পত্র সমেত কেবিনেটের নথি পত্র।

**তথ্য সংগ্রহের জন্য কিভাবে আবেদন করবেন**

- যে তথ্য পেতে চান তার বিবরণ ইংরেজী, হিন্দী অথবা সেই রাজ্যের ভাষায় লিখিত ভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম যোগে লোক তথ্য বিষয়ার কাছে আবেদন করতে পারবেন।
- তথ্য পাওয়ার জন্য প্র-পত্র ব্যৱহার করতে পারবেন।

* আবেদন পত্রের সঙ্গে দশ (১০.০০) টাকা মাসুল জমা দিতে হয়। (যদি দরিদ্র সীমার নিচে হয় তবে মাসুল দিতে হবে না)।
* তথ্য চাওয়ার কারণ দিতে হয় না।

**তথ্য লাভের সময়সীমা**

* আবেদন পত্র জমা দেওয়ার দিন থেকে শুরু করে ৩০ দিন পর্যন্ত।
* ব্যক্তির জীবন এবং স্বতন্ত্রতা সম্পর্কীয় তথ্যের ক্ষেত্রে ৪৮ দিন।
* তথ্য প্রাপ্তির জন্য আবেদন পত্রটি যদি সহকারী লোক তথ্য বিষয়ার কাছে জমা দেওয়া হয়েছে, তাহলে উপরোক্ত বিষয়ে তথ্য লাভের সময়সীমা ৫ দিন বেড়ে যাবে।
* নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য যোগান দিতে ব্যর্থ হলে, তা অগ্রাহ্য করা হয়েছে বলে বুঝতে হবে।

**অগ্রাহ্য করার কারণ কি কি হতে পারে —**

* প্রকাশকরণের থেকে রেহাই দেওয়া তথ্যসমূহ।
* রাষ্ট্রের বাইরে অন্য কোন লোকের প্রতিলিপি স্বত্ব ভঙ্গ করতে পারা ধরণের তথ্য।

সত্যমেব জয়তে

ন্যায় বিভাগ
বিধি এবং ন্যায় মন্ত্রণালয়, ভারত সরকার

সাক্ষর ভারত

রাজ্যিক সম্পদ কেন্দ্র অসম
রাষ্ট্রীয় সাক্ষরতা মিশন প্রাধিকরণ
মানব সম্পদ উন্নয়ন মন্ত্রণালয়, ভারত সরকার
website :: www.srcguwahati.in

সাক্ষর ভারত

আইনি সাক্ষরতা শৃংখলা - ২

# তথ্য জানার অধিকার আইন ২০০৫

তথ্য জানার অধিকার